

## প্রশিক্ষণের বিস্তারিত

### ১। রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি ও রং মিস্ত্রিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান:-

রাজমিস্ত্রিদের কিভাবে গাঁথুনি, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, আরসিসি ঢালাই এর কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক হিসেবে উপজেলা প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী এবং জাইকা প্রকল্পের সহকারী প্রকৌশলী উপস্থিত থাকেন। তারা অত্যন্ত সুনিপুন ভাবে প্র্যাকটিক্যালী প্রশিক্ষণ প্রদান করেন।

রড মিস্ত্রিদের কিভাবে রড বাধাই করতে হবে, কোথায় কত মিলি রড ব্যবহার করা প্রয়োজন, এক রড থেকে আরেক রডের ল্যাপিং কতটুকু হবে, শাটারিং এর ক্ষেত্রে কি কি বিষয়ে খেয়াল রাখতে হবে এইসব বিষয় সহ আরো অন্যান্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এই ক্ষেত্রেও প্রশিক্ষক হিসেবে উপজেলা প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী উপস্থিত থাকেন। প্রকৌশলী গন রড মিস্ত্রিদের আন্তরিকতার সাথে ও ভালোভাবে বুঝিয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

রংমিস্ত্রিদের রং এর ব্যাপারে সম্ভব ধারণা প্রদান করা হয়। প্রাইমারি স্কুল সমূহ ের কালার কোড ব্যবহার করে কোন দেয়ালে কি রং ব্যবহার করতে হবে ওই ব্যাপারে ভালোভাবে বুঝিয়ে দেওয়া হয়। এছাড়াও রং দেওয়ার পূর্বে সিলাহ ও পাট্টা কিভাবে দেওয়া লাগে সে ব্যাপারেও প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক হিসেবে উপজেলা প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী এবং জাইকা প্রকল্পের সহকারী প্রকৌশলী উপস্থিত থাকেন। রংমিস্ত্রিগন প্রকৌশলী গন কর্তৃক বাস্তবমুখী প্রশিক্ষণ পেয়ে থাকে।

### ২। LCS ও RERMP মহিলাদের বাস্তবমুখী স্বনির্ভর হওয়ার প্রশিক্ষণ প্রদান:-

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দুস্থ ও গরিব মহিলাদের কর্মসংস্থানের জন্য এল সি এস ও আরইআরএমপি নামক দুটি প্রকল্প চালু করে। প্রকল্প দুটির মূল উদ্দেশ্য গরিব ও দুস্থ নারীদের কর্মসংস্থান প্রদান করে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলা ও কাঁচা পাকা রাস্তা সমূহ মাটির কাজ সহ রাস্তা মেরামতের কাজ তাদের মাধ্যমে সম্পাদন করা।

এই সকল মহিলাদের প্রকল্প শেষে এবং প্রকল্পের মধ্যবর্তী সময়ে স্বাবলম্বী হওয়ার জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে। সেলাই হাঁস মুরগি পালন গরু পালন টেইলারিং সহ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করার নিমিত্তে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর হেডকোয়ার্টার থেকে বিশেষ দক্ষতা সম্পন্ন প্রশিক্ষক প্রেরণ করেন।

প্রশিক্ষকগণ মহিলাদের ভবিষ্যৎ জীবন সুন্দর ও স্বাবলম্বী করার জন্য আন্তরিকতার সাথে প্রশিক্ষণ প্রদান করেন।